ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট
ঢাকা
=====

## ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২১-১২-৯৮ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ড সভা ২১-১২-৯৮ইং তারিখ বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

১। ব্রিগেডিয়ার আহমেদ আলী - সদস্য - অনুপস্থিত
এস ই এম ও
ও
অধিনায়ক
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

২। ক্যাপ্টেন শহীদুজ্জামান খান(জি)(সিডি) পিএসসি - সদস্য - উপস্থিত
অধিনায়ক
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

৩। উইং কমান্ডার এস এম করিম উদ্দিন - সদস্য - উপস্থিত
অধিনায়ক(প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

৪। মেজর আ ন ম জুবায়ের কামাল চৌধুরী - সদস্য - উপস্থিত
ভারপ্রাপ্ত সি এস ই এস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

৫। জনাব মোঃ আজিজ খাঁন - সদস্য - উপস্থিত
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস।

৬। লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ - সদস্য - উপস্থিত
৩৪৬, ডি ও এইচ এস জোয়ারসাহারা
ঢাকা সেনানিবাস।

৭। জনাব মোঃ জহিরুল হক - সদস্য - অনুপস্থিত
সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা।

৮। জনাব শফিক আলম মেহেদী - সেক্রেটারী - উপস্থিত
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

উপরোল্লিখিত বোর্ড সদস্যগণ ব্যতীত নিম্নোক্ত কর্মকর্তা বোর্ড সভায় উপস্থিত ছিলেন :-

(১) মেজর মোঃ আবদুর রশিদ আকন্দ
এস এইচ ও
ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

প্রস্তাব নং-১: বিগত ০৫-১১-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্তঃ বিগত ০৫-১১-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর'৯৮ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অক্টোবর'৯৮ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয় হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

২/ পৃঃ দ্রঃ

স্তাব নং-৩ঃ অক্টোবর'৯৮ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

হীত সিদ্ধান্তঃ অক্টোবর'৯৮ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল ।

স্তাব নং-৪ঃ ২০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল বিল্ডিং নির্মাণকল্পে সম্মানিত বোর্ড সদস্য জনাব মোঃ আজিজ খাঁন কর্তৃক পেশকৃত ২৯-১১-৯৮ইং তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এই প্রসংগে সেনাসদর, কিউ এম জি'র শাখা কর্তৃক ১৭-১২-৯৮ইং তারিখে প্রেরিত সমঝোতা স্মারক ( Memorandum of Understanding ) এর খসড়া কপি বোর্ড সভায় উপস্থাপন করা হইল ।

হীত সিদ্ধান্তঃ সিরাজ-খালেদা ট্রাস্টের ২৯-১১-৯৮ইং তারিখের পত্র ও সংযোজিত কাগজপত্রাদি, প্রস্তাবিত হাসপাতালের বিষয়ে সেনাসদর, কিউ এম জি শাখা কর্তৃক ১৭-১২-৯৮ইং তারিখে প্রেরিত সমঝোতা স্মারক (M O U) এর খসড়া ও সংশ্লিষ্ট বিষয়ে সেনাসদর, কিউ এম জি শাখায় ৩০-১১-৯৮ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (পত্র নং-৩৯০১/৪/ইউ/এমকিউ-২, তারিখ ২০-১২-৯৮ইং) এবং সংশ্লিষ্ট বিষয়ে ১০-৫-৯৮ইং তারিখে অনুষ্ঠিত ক্যান্টনমেন্ট বোর্ড সভার ১৮ নং প্রস্তাবের গৃহীত সিদ্ধান্তসহ প্রাসঙ্গিক বিষয়াদির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বর্তমান ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল এবং ইহার সংলগ্ন পেট্রোল পাম্প ও শহীদ সাত্তার মার্কেট এলাকার সর্বমোট ০'৯১ একর (কম/বেশী) 'সি' শ্রেণীভুক্ত জমির উপর ৩০-১১-৯৮ইং তারিখে সেনাসদর, কিউ এম জি শাখায় অনুষ্ঠিত প্রস্তাবিত হাসপাতাল সংক্রান্ত সভার সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ২০০ শয্যা বিশিষ্ট 'সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল' ভবন নির্মাণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। প্রসংগক্রমে গত ১০-৫-৯৮ইং তারিখের বোর্ড সভার ৮ নং প্রস্তাবের বিপরীতে গৃহীত ৮(ঘ) নং সিদ্ধান্তের মাধ্যমে প্রস্তাবিত হাসপাতাল ভবনের নীতিগতভাবে অনুমোদিত নকশা চূড়ান্তভাবে অনুমোদন করা হইল। সেইসাথে সেনাসদর, কিউ এম জি শাখা কর্তৃক ১৭-১২-৯৮ ইং তারিখে প্রেরিত এবং ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা কর্তৃক পরীক্ষিত সমঝোতা স্মারক এর খসড়া বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে আগামী ২২-১২-৯৮ইং তারিখে স্বাক্ষরিতব্য উক্ত সমঝোতা স্মারকে স্বাক্ষর করার প্রাধিকার প্রদান করা হইল। ১৯২৪ সালের ক্যান্টনমেন্ট অ্যাক্টের সংশ্লিষ্ট ধারা মোতাবেক ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালকে প্রস্তাবিত 'সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল' হিসাবে নামকরণসহ উহা পরিচালনার ভিত্তিতে সমঝোতা স্মারকে বর্ণিত নীতিমালা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হউক ।

প্রস্তাব নং-৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকানসমূহের চুক্তিপত্রের উপর প্রয়োজনীয় সংশোধনীসহ খসড়া চুক্তিপত্র প্রণয়ন এবং ১০(দশ) বৎসর মেয়াদী বিকল্প/বরাদ্দ দোকানসমূহের পরবর্তী মেয়াদের সালামী/বরাদ্দ ফি নির্ধারণকরণের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৯-০৮-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/ ১৩০-এ-৩/২৯ নং পত্র এবং পত্রের সংগে প্রাপ্ত আবেদনসমেত সংলগ্নী সকল কাগজপত্র এবং রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকানসমূহের চুক্তিপত্রের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে ১০(দশ) বৎসর মেয়াদী বরাদ্দ দোকানসমূহের পূর্বের চুক্তিপত্রের আংশিক সংশোধনপূর্বক শর্তাবলী/নীতিমালা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল এবং পরবর্তী মেয়াদের জন্য নিম্নেবর্ণিত হারে বরাদ্দ ফি নির্ধারণ করা হইল। এই ক্ষেত্রে বরাদ্দ ফি দুই কিস্তিতে গ্রহণ করা হইবে এবং পূর্বের হারে যাহারা পরিশোধ করিয়াছেন তাহাদের বেলায় অবশিষ্ট টাকা ফেরত দেওয়া হইবে। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও

৩য় পৃঃ দ্রঃ

সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ঃ-

| পূর্বের সালামী | পরবর্তী/বর্তমান বরাদ্দ ফি | দোকানের সংখ্যা |
| --- | --- | --- |
| ২০,০০০/-(বিশ হাজার)টাকা | ২৫,০০০/-(পঁচিশ হাজার)টাকা | ৯৬টি |
| ৩০,০০০/-(ত্রিশ হাজার)টাকা | ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার)টাকা | ৩০৪টি |
| ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার)টাকা | ৪০,০০০/-(চল্লিশ হাজার)টাকা | ২৩৪টি |
| ৫৫,০০০/-(পঞ্চান্ন হাজার)টাকা | ৬৫,০০০/-(পঁয়ষট্টি হাজার)টাকা | ১৬টি |
| ৭০,০০০/-(সত্তর হাজার)টাকা | ৮৫,০০০/-(পঁচাশি হাজার)টাকা | ৩১টি |
| ৮০,০০০/-(আশি হাজার)টাকা | ১,০০,০০০/-(এক লক্ষ)টাকা | ০৮টি |
| | মোট= | ৬৮৯টি |

প্রস্তাব নং-৬ঃ বাড়ীসহ প্লট, প্লটে নির্মিত ফ্ল্যাট হস্তান্তর ও বড় আকারের প্লট বিভাজনপূর্বক ন্যূনতম ৪০০ বর্গগজ জমি হস্তান্তর সংক্রান্ত নীতিমালা সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ন্যায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত ('সি' শ্রেণীর) প্লটের ক্ষেত্রে অনুসরণ করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৬-৯-৯৮ইং তারিখের ৫/এমএলএন্ডসি/রুল/১২৫-৪/৩১ নং পত্র এবং তৎসঙ্গে প্রাপ্ত কাগজপত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বোর্ড সদস্য লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদকে উক্ত বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রণয়নপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের নিমিত্তে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৭ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ১৫ কাঠা বিশিষ্ট ১৯ নং প্লটটি জনাব হেলাল উদ্দিন আহমেদ এবং বেগম নিলুফার আওলর এর নামে সমান দুই ভাগে (৭½ কাঠা হারে) ক্রয় করার প্রেক্ষিতে অত্র দপ্তরে উভয় নামে যৌথভাবে নামজারী করা আছে। বর্তমানে সরকারী নীতিমালায় বিভাজনের অনুমোদন আসিয়াছে বিধায় দলিল মোতাবেক প্লটটি বিভাজন/পৃথককরণের জন্য মালিকদ্বয়ের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে তাহাদের আবেদন এবং আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ ১৫ কাঠা বিশিষ্ট ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ১৯ নং প্লটটি জনাব হেলাল উদ্দিন আহমেদ ও তাহার স্ত্রী বেগম নিলুফার আওলর এর নামে যেহেতু পূর্ব হইতে যৌথভাবে নামজারী আছে, সেহেতু তাহাদের আবেদন এবং দলিল মোতাবেক সংশ্লিষ্ট প্লটকে সমান দুই ভাগে বিভাজনপূর্বক ১৯ এবং ১৯/এ নং প্লটে রূপান্তর করার বিষয়টি সভায় বিস্তারিত আলোচনান্তে অনুমোদন করা গেল। এই ক্ষেত্রে বোর্ড কর্তৃক প্রণীতব্য নীতিমালা মোতাবেক ফি গ্রহণান্তে '১৯/এ' নং প্লটটি বেগম নিলুফার আওলর এর নামে পৃথকভাবে রেকর্ডভুক্ত করা হইবে।

প্রস্তাব নং-৮ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৪২/এ নং প্লটে নির্মিত ৪র্থ তলা বাড়ীর নীচতলা ব্যতীত উপরের তিন তলায় দুই ফ্ল্যাট করিয়া ছয় ফ্ল্যাট নির্মাণ করতঃ ০৬(ছয়) জনের নিকট বিক্রয়/হস্তান্তর করার নিমিত্তে অনুমতি চাহিয়া বাড়ী মালিক অত্র দপ্তরে আবেদন করিয়াছেন। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হইল। উপস্থাপিত আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বোর্ড কর্তৃক প্রণীতব্য নূতন নীতিমালা মোতাবেক ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার '৪২/এ' নং বাড়ীর ছয়টি ফ্ল্যাট বিক্রয়ের অনুমতি প্রদানের প্রস্তাব অনুমোদন করা হইল।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের 'সি-২২৫' নং দোকানের বরাদ্দলাভকারী এবং দোকানের ব্যবসায়ীর সঙ্গে উদ্ভূত সমস্যার প্রেক্ষিতে বোর্ড কর্তৃক সীলমোহরকৃত দোকানটি বরাদ্দলাভকারীর অনুকূলে খুলিয়া দেওয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট নথি উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল।আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের 'সি-২২৫' নং দোকানটি বরাদ্দলাভকারী জনাব বাদল,পিতা-শহীদ হাবিলদার নাছির উদ্দিন, বীর উত্তম এর অনুকূলে ফিরাইয়া দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হইল ।

প্রস্তাব নং-১০ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ১৫ নং বাড়ীর ক্রেতার নিকট সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৬-৯-৯৮ইং তারিখের ৫/এমএলএন্ডসি/রজ্ঞ/১২৫-৪/৩১ নং পত্রের সংগে প্রাপ্ত সরকারী নীতিমালার আলোকে নামজারী ফি বাবদ =২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা দাবী করার প্রেক্ষিতে তাহার আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল।আলোচনান্তে সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড কর্তৃক প্রণীতব্য নীতিমালা মোতাবেক বিষয়টির উপর পরবর্তীতে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১১ঃ অত্র দপ্তর কর্তৃক অনুমতি প্রদত্ত হোর্ডিং ও মেগাসাইন বোর্ড সরকারীভাবে ভাঙ্গিয়া দেওয়ার প্রেক্ষিতে অত্র দপ্তরের চার্জ মওকুফের ব্যাপারে মেসার্স নেপচুন এডভার্টাইজার্সের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনাকালে দেখা যায় যে,মেসার্স নেপচুন এডভার্টাইজার্সের নামে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ০১-০১-৯৮ইং হইতে ৩১-১২-৯৮ইং তারিখ পর্যন্ত ৫০টি হোর্ডিং এবং ০১-০৭-৯৭ইং হইতে ৩০-০৬-৯৮ইং তারিখ পর্যন্ত ১৬০(একশত ষাট)টি মেগাসাইন বোর্ড স্থাপনের বরাদ্দ প্রদান করা হয়।পর্যবেক্ষনান্তে দেখা যায় আগষ্ট'৯৮ইং মাসের মধ্যবর্তী সময়ে উল্লেখিত বরাদ্দের মধ্যে ৪০(চল্লিশ)টি হোর্ডিং এবং ৮০(আশি)টি মেগাসাইন বোর্ড ভাঙ্গা পড়িয়াছে।এমতাবস্থায়,৪০(চল্লিশ)টি হোর্ডিং এর চার্জ ১৩-০৮-৯৮ইং পর্যন্ত গ্রহণ করা হইবে।অবশিষ্ট ১০(দশ)টি হোর্ডিং পূর্বের নির্ধারিত ফি গ্রহণপূর্বক ০১-০১-৯৯ইং হইতে ৩১-১২-৯৯ইং তারিখ পর্যন্ত নবায়ন করা হউক।১৬০টি মেগাসাইন বোর্ডের মধ্যে বিদ্যমান ৮০টি মেগাসাইন বোর্ডের স্থাপনা ০১-০৭-৯৮ইং হইতে ৩০-০৬-৯৯ইং তারিখ পর্যন্ত যথানিয়মে নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১২ঃ ডি ও এইচ এস এলাকায় যে সকল বাড়ী বাণিজ্যিক ভিত্তিতে ভাড়া আছে সেই সকল বাড়ীর কর (হোল্ডিং ট্যাক্স) বাণিজ্যিক মূল্যায়নের উপর নির্ধারনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল।আলোচনান্তে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাসহ সকল ডি ও এইচ এস এলাকায় অননুমোদিত ব্যবসা বন্ধকরণসহ সকল ব্যবসায়িক সাইন বোর্ড অপসারণের নিমিত্তে জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৩ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য সার্জিক্যাল মালামাল সরবরাহের নিমিত্তে ৩০-১০-৯৮ইং তারিখে ভোরের কাগজে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে গত ০৮-১১-৯৮ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে মোট ০৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়।তন্মধ্যে মেসার্স এ বি হোসেন সার্জিক্যাল,২০৭/১,মিটফোর্ট রোড,ঢাকা কর্তৃক দাখিলকৃত ৭,৩০,০৪০/-(সাত লক্ষ ত্রিশ হাজার চল্লিশ)টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ।

৫ম পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের সার্জিক্যাল মালামাল সরবরাহের নিমিত্তে মেসার্স এ বি হোসেন সার্জিক্যাল,২০৭/১,মিটফোর্ট রোড,ঢাকা কর্তৃক দাখিলকৃত ৭,৩০,০৪০/-(সাত লক্ষ ত্রিশ হাজার চল্লিশ)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

প্রস্তাব নং-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৭-৯৮ইং আর্থিক সালের বার্ষিক হিসাব বিবরণী অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৭-৯৮ইং আর্থিক সালের বার্ষিক হিসাব বিবরণী অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-১৫ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণীর গরীব/মেধাবী ছাত্রছাত্রীদের টিউশন ফি (ছাত্র বেতন) মওকুফ করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।এ প্রসংগে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ০৪-১১-৯৮ইং তারিখের শঃরঃউঃমাঃবিঃ/ক্যান্টঃ বোর্ড/১/৯৬ নং পত্র ও ছাত্রছাত্রীদের আবেদনপত্রসমূহ উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে একাদশ শ্রেণীতে অধ্যয়নরত গরীব মেধাবী ছাত্রছাত্রীকে প্রধান শিক্ষকের সুপারিশ মোতাবেক প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদনক্রমে বিদ্যালয়ের কল্যাণ তহবিল হইতে সাহায্য প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৬ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের ০২(দুই) জন সন্তানকে বিনা বেতনে অধ্যয়ন করার বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ০৩-১১-৯৮ইং তারিখের শঃরঃউঃমাঃবিঃ/ক্যান্টঃবোর্ড/১/৯৫ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বিদ্যালয়সমূহে কর্মরত শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মচারীদের প্রত্যেকের একজন সন্তানকে বিনা বেতনে অধ্যয়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১৭ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষুদ্র ব্যয় নির্বাহের জন্য ১,০০০/- (এক হাজার)টাকার স্থায়ী অগ্রিম অনুমোদনকরণ।এ প্রসংগে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ০৮-১১-৯৮ইং তারিখের শঃরঃউঃমাঃবিঃ/বিবিধ/১/১ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষুদ্র ব্যয় নির্বাহের জন্য বিদ্যালয়ের পূর্বের ৫০০/-(পাঁচশত) টাকার স্থলে ১,০০০/-(এক হাজার)টাকার স্থায়ী অগ্রিম সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১৮ঃ থামালকোট (ঢাকা ক্যান্টনমেন্ট) মুহাম্মাদীয়া মাদ্রাসা ও এতিমখানার দালান নির্মাণের নিমিত্তে ৩,০০,০০০/-(তিন লক্ষ)টাকা আর্থিক সাহায্য প্রদানের জন্য উক্ত মসজিদ ও মাদ্রাসা কমিটির সভাপতির ০৮-১২-৯৮ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ধামালকোট (ঢাকা ক্যান্টনমেন্ট) মুহাম্মাদীয়া মাদ্রাসা ও এতিমখানার দালান নির্মাণের নিমিত্তে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আর্থিক সাহায্য প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত অনুদান বরাদ্দের নিমিত্তে বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১৯ঃ ঢাকা সেনানিবাসস্থ ধামালকোট এলাকায় অবস্থিত লালসরাই জামে মসজিদের তৃতীয় তলা নির্মাণের নিমিত্তে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা আর্থিক সাহায্য প্রদানের জন্য উক্ত মসজিদ ও মাদ্রাসা কমিটির সভাপতির ০৮-১২-৯৮ইং তারিখের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ধামালকোট এলাকায় অবস্থিত লালসরাই জামে মসজিদের ৩য় তলা নির্মাণের নিমিত্তে ১,০০,০০০/-(এক লক্ষ)টাকা সাহায্য প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত ১,০০,০০০/-(এক লক্ষ)টাকার অনুদান বরাদ্দের নিমিত্তে বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২০ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১২-১১-৯৮ইং তারিখের ২/এমএলএন্ডসি/ জেনারেল/৩৬-এ/১ নং পত্র অবহিত হওয়া ।

গৃহীত সিদ্ধান্তঃ অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-২১ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞানাগারের জন্য যন্ত্রপাতি ও আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহের নিমিত্তে ২৩-১১-৯৮ইং তারিখে ভোরের কাগজে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে ০৮-১২-৯৮ইং তারিখে মোট ০৪(চার) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে ইষ্টার্ণ সায়েন্টিফিক এন্ড মেডিক্যাল স্টোর্স,৩৩/৩,শহীদ নজরুল ইসলাম রোড,ঢাকা কর্তৃক দাখিলকৃত ৪,৯৮,৬৩৭/-(চার লক্ষ আটানব্বই হাজার ছয়শত সাইত্রিশ) টাকার সর্বনিম্ন দরপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ইষ্টার্ণ সায়েন্টিফিক এন্ড মেডিক্যাল স্টোর্স,৩৩/৩,শহীদ নজরুল ইসলাম রোড,ঢাকা কর্তৃক দাখিলকৃত ৪,৯৮,৬৩৭/-(চার লক্ষ আটানব্বই হাজার ছয়শত সাইত্রিশ)টাকার সর্বনিম্ন দরপত্রের দর মালামাল ক্রয়ের বরাদ্দকৃত অর্থের চাইতে অনেক বেশী হওয়ায় উক্ত দরপত্র বাতিল করতঃ পুনঃদরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-২২ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞানাগারের জন্য বই সরবরাহের নিমিত্তে ০১-১২-৯৮ইং তারিখে দৈনিক ইত্তেফাকে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে ০৮-১২-৯৮ইং তারিখে অত্র দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে মোট ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে ক্যাপিটাল সিন্ডিকেট,২ নং বাংলাদেশ সরকারী কল্যাণ সমিতি ভবন,শেরে বাংলা নগর, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,৪৮,৯২৬/৭০ (এক লক্ষ আটচল্লিশ হাজার নয়শত ছাব্বিশ টাকা সত্তর পয়সা)টাকার সর্বনিম্ন দরপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যাপিটাল সিন্ডিকেট, ২নং বাংলাদেশ সরকারী কল্যাণ সমিতি ভবন,শেরে বাংলা নগর,ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,৪৮,৯২৬·৭০(এক লক্ষ আটচল্লিশ হাজার নয়শত ছাব্বিশ টাকা সত্তর পয়সা)টাকার সর্বনিম্ন দরপত্রের দর বরাদ্দকৃত অর্থ অপেক্ষা অনেক বেশী হওয়ায় উহা বাতিলপূর্বক বরাদ্দকৃত অর্থ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার)টাকার মধ্যে স্থানীয়ভাবে দরপত্র আহবানের মাধ্যমে বই ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

পর পৃষ্ঠাঃ

প্রস্তাব নং-২৩ঃ অত্র দপ্তর নিয়ন্ত্রিত আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের চাহিদার আলোকে উক্ত বিদ্যালয়ের প্রভাতী ও দিবা শাখায় ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীতে দুইটি করিয়া মোট চারটি শাখা খোলার অনুমতিসহ নিম্নবর্ণিত শিক্ষকের পদ সৃষ্টির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

(ক) সহকারী শিক্ষক (বাংলা) - ০২(দুই)টি
(খ) সহকারী শিক্ষক (ইংরেজী) - ০২(দুই)টি
(গ) সহকারী শিক্ষক (গণিত) - ০১(এক)টি
(ঘ) সহকারী শিক্ষক (ভূগোল) - ০১(এক)টি

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ের উপর বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীতে আগামী ১৯৯৯ইং শিক্ষাবর্ষ হইতে প্রভাতী ও দিবা শাখায় ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীতে দুইটি করিয়া মোট ০৪(চার)টি নূতন শাখা (শ্রেণী) খোলাসহ নিম্নলিখিত নূতন পদ সৃষ্টির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ঃ-

(ক) সহকারী শিক্ষক (বাংলা) - ০২(দুই)টি
(খ) সহকারী শিক্ষক (ইংরেজী) - ০২(দুই)টি
(গ) সহকারী শিক্ষক (গণিত) - ০১(এক)টি
(ঘ) সহকারী শিক্ষক (ভূগোল) - ০১(এক)টি ।

প্রস্তাব নং-২৪ঃ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ১৯৯৮ইং সালের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের বিভিন্ন খরচ বাবদ আনুমানিক ১,২১,০০০/-(এক লক্ষ একুশ হাজার)টাকার ব্যয় অনুমোদনকরণ । এ প্রসংগে গত ২৬-১১-৯৮ইং তারিখে অনুষ্ঠিত বি আই এস এর গভর্ণিং বডি মিটিংয়ের ৪ নং সিদ্ধান্ত উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ১৯৯৮ইং সালের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের বিভিন্ন খরচ বাবদ আনুমানিক ১,২১,০০০/-(এক লক্ষ একুশ হাজার)টাকা ব্যয়ের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

প্রস্তাব নং-২৫ঃ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ১৯৯৮ সালের ছাত্রছাত্রীদের তৃতীয় শিক্ষা সফর পালনের নিমিত্তে খাবার যানবাহন ও আনুসংগিক মালামাল সরবরাহের জন্য মেসার্স ফ্রুটস এন্ড ফ্লেবার্স লিঃ, প্লট নং-১৪, রোড নং-১, ব্লক-ডি, মিরপুর-১১, ঢাকা কর্তৃক দাখিলকৃত ২,৬০,২৫০/-(দুই লক্ষ ষাট হাজার দুইশত পঞ্চাশ)টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ১৯৯৮ইং সালের তৃতীয় শিক্ষা সফর পালনের নিমিত্তে খাবার, যানবাহন ও আনুসংগিক মালামাল সরবরাহের নিমিত্তে মেসার্স ফ্রুটস এন্ড ফ্লেবার্স লিঃ, প্লট নং-১৪, রোড নং-১, ব্লক-ডি, মিরপুর-১১, ঢাকা কর্তৃক দাখিলকৃত ২,৬০,২৫০/-(দুই লক্ষ ষাট হাজার দুইশত পঞ্চাশ)টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

প্রস্তাব নং-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান ঝাড়ুদারদের দ্বারা রজনীগন্ধা সুপার মার্কেট এলাকা নিয়মিতভাবে পরিস্কার/পরিচ্ছন্ন রাখা সম্ভব হয় না বিধায় ৪(চার) জন ঝাড়ুদার ৩১-১২-৯৮ইং পর্যন্ত সময়ের জন্য নিয়োজিত আছে। উক্ত ৪(চার) জন ঝাড়ুদারের মেয়াদ আগামী ৩০-০৬-৯৯ইং তারিখ পর্যন্ত বর্ধিতকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৮ম পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ রজনীগন্ধা সুপার মার্কেট এলাকা নিয়মিতভাবে পরিস্কার/পরিচ্ছন্ন রাখার নিমিত্তে মাষ্টার রোলে বর্তমানে নিয়োজিত ৪(চার) জন ঝাড়ুদারকে আগামী ৩০-০৬-৯৯ইং তারিখ পর্যন্ত সময়ের জন্য নিয়োগের মেয়াদ বর্ধিতকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-২৭ঃ ঢাকা সেনানিবাসস্থিত মানিকদী এলাকায় অবস্থিত কবরস্থানের সীমানা দেওয়াল নির্মাণ ও মাটি ভরাট করিয়া উন্নয়নের ব্যাপারে সেনাসদর, কিউএমজি'র শাখা, এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৫-১১-৯৮ইং তারিখের ৩৯১৭/সিবি/অংশ/এমকিউ-২ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। ঢাকা সেনানিবাসস্থিত মানিকদী এলাকায় কবরস্থানের সীমানা দেওয়াল নির্মাণ ও মাটি ভরাট করিয়া উন্নয়নের ব্যাপারে সেনাসদর কিউ এম জি'র শাখা, এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৫-১১-৯৮ইং তারিখের ৩৯১৭/সিবি/অংশ/এমকিউ-২ নং পত্র সভায় উপস্থাপন করা হইল। উক্ত পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ আজিজ খান কর্তৃক বিনাশর্তে সংশ্লিষ্ট কবরস্থানের সীমানা দেওয়াল নির্মাণ ও মাটি ভরাট করিয়া উন্নয়নের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হইল। এতদ্ব্যতীত সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ৩-১২-৯৮ ইং তারিখের বিডি/এলসি/১৪৯৩/৯৩/৬৯ নং পত্রের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাসের মানিকদী কবরস্থান ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে হস্তান্তরের ব্যাপারে স্থানীয় এলাকাবাসীর আপত্তি না থাকায় উক্ত কবরস্থানের জমি 'এ-১' শ্রেণী হইতে 'সি' শ্রেণীতে রূপান্তরপূর্বক জনস্বার্থে কবরস্থানটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনয়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-২৮ঃ জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার ৩৮৫ নং প্লটের ইজারাদার মেজর আবু বকর সিদ্দিক (অবঃ) তাঁহার নামে বরাদ্দকৃত নীচু প্লট ভরাট করার জন্য গত ৬-১২-৯৮ইং তারিখে আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ৩৮৫ নং প্লটের ইজারাদার মেজর আবু বকর সিদ্দিক (অবঃ) এর নামে বরাদ্দকৃত নীচু প্লট ভরাট করার ব্যাপারে গত ৬-১২-৯৮ইং তারিখের আবেদনপত্রটি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত নীচু প্লটটি মাটি ভরাট করার জন্য ৭৬,৬২৩.৯৯(ছিয়াত্তর হাজার ছয়শত তেইশ টাকা নিরানব্বই পয়সা) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-২৯ঃ ঢাকা সেনানিবাসের বনানী কবরস্থানের প্রধান প্রবেশ রাস্তা হার্ড স্ট্যান্ডকরণ, ফুটপাথ, টয়লেট ও সেপটিক ট্যাংক নির্মাণের নিমিত্তে ২,৫৪,৪০৩.৪১(দুই লক্ষ চুয়ান্ন হাজার চারশত তিন টাকা একচল্লিশ পয়সা) টাকার মূল্যানুমান অনুমোদন ও কবরস্থানের পার্টিশন দেওয়ালসহ অন্যান্য মেরামত কাজ অত্র দপ্তরের রাজমিস্ত্রী দ্বারা ডিপার্টমেন্টাল হিসাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টি বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ঢাকা সেনানিবাসের বনানী কবরস্থানের প্রবেশ রাস্তা হার্ড স্ট্যান্ডকরণ, ফুটপাথ, টয়লেট ও সেপটিক ট্যাংক নির্মাণের নিমিত্তে ২,৫৪,৪০৩.৪১(দুই লক্ষ চুয়ান্ন হাজার চারশত তিন টাকা একচল্লিশ পয়সা) টাকার মূল্যানুমান ও কবরস্থানের নীচু এলাকায় মাটি ভরাট ও সীমানা দেওয়াল, বিদ্যুৎ লাইন স্থাপনের নিমিত্তে ৬,৮৫,৬৯২/-(ছয় লক্ষ পঁচাশি হাজার ছয়শত বিরানব্বই) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

৯ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৩০ঃ মরহুম মেজর জেনারেল মতিউর রহমান, বিপি এর কবর পাকা করা প্রসংগে মরহুমের স্ত্রী মিসেস মীনা রহমান এর ১৩-১২-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে বিশেষ বিবেচনায় মরহুম মেজর জেনারেল মতিউর রহমান, বিপি এর কবরটি ০৮ ফুট লম্বা ও ০৪ ফুট চওড়া সাইজে পাকা করার অনুমোদন দেওয়া গেল ।

প্রস্তাব নং-৩১ঃ মরহুম ব্রিগেডিয়ার মোহাম্মদ হেদায়েত উল্লাহ এর কবর পাকা করা প্রসংগে মরহুমের স্ত্রী মিসেস সেতারা হেদায়েত এর ১০-১১-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে মরহুম ব্রিগেডিয়ার মোহাম্মদ হেদায়েত উল্লাহ এর কবর পাকা করার অনুমোদন দেওয়া গেল ।

প্রস্তাব নং-৩২ঃ মরহুম ব্রিগেডিয়ার মোহাম্মদ হেদায়েত উল্লাহ এর কবরের পার্শ্বে মরহুমের স্ত্রীর কবরের জন্য জায়গা রিজার্ভ রাখা প্রসংগে মরহুমের স্ত্রী মিসেস সেতারা হেদায়েত এর ১০-১১-৯৮ ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে মরহুম ব্রিগেডিয়ার মোহাম্মদ হেদায়েত উল্লাহ এর কবরের পার্শ্বের জায়গা মরহুমের স্ত্রী মিসেস সেতারা হেদায়েত এর জন্য সংরক্ষিত রাখার প্রস্তাব বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-৩৩ঃ ব্রিগেডিয়ার আব্দুল্লাহ হাসান, এনডিইউ, পিএসসি (অবঃ) এর পিতার কবর পাকা করা প্রসংগে তাঁহার ০৫-১০-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ পাকা করার অনুমোদন দেওয়া গেল না।

প্রস্তাব নং-৩৪ঃ বিএ-১২৪৮ ক্যাপ্টেন মাসুদুর হাসান(অবঃ) এর স্ত্রী মরহুম খাদিজা বশির এর কবর পাকা করা প্রসংগে তাঁহার ০৭-১২-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ পাকা করার অনুমোদন দেওয়া গেল ।

প্রস্তাব নং-৩৫ঃ মরহুম লেঃ কমান্ডার ডব্লিউ আই ভূঁইয়া এর কবর পাকা করা প্রসংগে তাঁহার স্ত্রী গুলজার বেগমের ০১-১২-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ পাকা করার অনুমোদন দেওয়া গেল।

প্রস্তাব নং-৩৬ঃ বিজেও-৩৯১৯৮ অঃলেঃ হোসেন আলী ইবি এর বড় ছেলের কবর পাকা করা প্রসংগে তাহা ১৬-১১-৯৮ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ অনুমোদন দেওয়া গেল না ।

১০ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৩৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কোয়ার্টার নং-২৫/৫(১) নীচতলার পিছনের খালি জায়গায় একটি অস্থায়ী টিনের ছাপড়া ঘর তৈরী করার অনুমতি চাহিয়া সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পিকা একিসার (চঃদাঃ) জনাব মোঃ বজলুর রহমান মজুমদার ২০-৯-৯৮ইং তারিখে একখানা আবেদনপত্র পেশ করিয়াছেন। তাহার উক্ত আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল যে, ক্যান্টনমেন্ট বোর্ডের কোন বাসস্থানে বরাদ্দলাভকারীকে নিজ ব্যয়ে সংশ্লিষ্ট বাসস্থানে কোন ধরনের অস্থায়ী নির্মাণ কাজের অনুমতি দেওয়া যাইবে না ।

প্রস্তাব নং-৩৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত প্রকল্পের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৩ অনুযায়ী |
|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকার প্লট নং-২১৮ এর উত্তর পার্শ্বে এবং প্লট নং-২৪৯ ও ২৭৭ এর পূর্ব দিকে লেকের পাড়ে প্যালাসাইডিংসহ মাটি ভরাট করণ । | ১,৯৩,০০০/-(এক লক্ষ তিরানব্বই হাজার)টাকা |
| (২) | আদমজী ক্যান্টনমেন্ট কলেজের শিক্ষকদের নামে বরাদ্দকৃত ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৮(আট)টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষন। | ৫৮,[illegible]/-(আটা[illegible] হাজার পাঁচশত এক[illegible])টাকা |
| (৩) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯-১১-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-৮/৩১ নং পত্রের প্রেক্ষিতে রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্থানে 'স্বাধীনতা চত্বর' নির্মাণ ও চত্বরের পার্শ্ববর্তী স্থানসমূহের উন্নয়নমূলক কাজ । | ৮৫,১৬,০১১/-(পঁচাশি লক্ষ ষোল হাজার এগার)টাকা |
| (৪) | ঢাকা সেনানিবাসস্থ আর আই এস এর সম্মুখের রিকসাপথ এবং পি এ এফ বেস বাশার হইতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত রিকসাপথ নির্মাণের সময় নিরাপত্তা বাতির লাইন অপসারণ ও পুনঃস্থাপন । | ২২,৭৫৪.৬৮(বাইশ হাজার সাতশত চুয়ান্ন টাকা আটষট্টি পয়সা)টাকা |
| (৫) | ঢাকা সেনানিবাসস্থ ১ নং পানির পাম্প সংলগ্ন স্থানে পাম্প অপারেটরের বাসায় গ্যাস লাইন স্থাপন। | ১০,৩৯১.৭৫(তের হাজার তিনশত একানব্বই টাকা পঁচাত্তর পয়সা)টাকা |
| (৬) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার, স্কুল, কলেজ এর পানি, বিদ্যুৎ ও সেনিটারী লাইনের মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় ফিটিংস ক্রয় । | ১,২৯,১৮৫.১৯(এক লক্ষ উনত্রিশ হাজার একশত পঁচাশি টাকা উনিশ পয়সা)টাকা |
| (৭) | বনানী ডিওএইচএস এলাকার প্রবেশ পথ মেরামত ও কার্পেটিংকরণ | ২,৮১,০০০/-(দুই লক্ষ একাশি হাজার)টাকা |
| (৮) | বনানী ডিওএইচএস এলাকার রোড নং-২ হইতে ৩ এর সংযোগ সড়ক কার্পেটিংকরণ । | ১,৯২,০০০/-(এক লক্ষ বিরানব্বই হাজার)টাকা |

গৃহীত সিদ্ধান্তঃ প্রকল্পগুলির ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্রমিক নং-৩ ব্যতীত ৭(সাত)টি প্রকল্পের মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক। ক্রমিক নং-৩ এর ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯-১১-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-৮/৩১ নং পত্রটি সভায় উপস্থাপন করা হইল। আলোচনান্তে উক্ত পত্রের প্রেক্ষিতে রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্থানে 'স্বাধীনতা চত্বর' নির্মাণ ও চত্বরের পার্শ্ববর্তী স্থানসমূহের উন্নয়নমূলক কাজের ওয়ার্কিং ড্রয়িং এবং উক্ত ওয়ার্কিং ড্রয়িং অনুযায়ী সংশ্লিষ্ট প্রকল্পের জন্য ৮৫,১৬,০১১/-(পঁচাশি লক্ষ ষোল হাজার এগার)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক। সেই সংগে ০৩-১১-৯৮ইং তারিখের বোর্ড সভার অনুচ্ছেদ নং-২৩(১) এর মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্পের জন্য অনুমোদিত ৭৬,৭৮,৬৩৩/-(ছিয়াত্তর লক্ষ আটাত্তর হাজার ছয়শত তিপান্ন)টাকার মূল্যানুমানটি এতদ্বারা সংশোধন করা হইল ।

১১তম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৩৯: প্রগতি সরণীর টি জংশনে দুইটি রিফলেকটিভ সাইন বোর্ড সরবরাহ ও স্থাপনের জন্য মেসার্স এ সি ই বিজনেস সিস্টেমস্ লিমিটেডের সর্বনিম্ন দর ৩৬,৫০০/-(ছত্রিশ হাজার পাঁচশত)টাকা অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এব্যাপারে আর্মি এম পি ইউনিট, ঢাকা সেনানিবাসের ১১-১১-৯৮ইং তারিখের ০১০৬/৭৮/হিসাব নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্ত: বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে মেসার্স এ সি ই বিজনেস সিস্টেমস্ লিমিটেড কর্তৃক দাখিলকৃত ৩৬,৫০০/-(ছত্রিশ হাজার পাঁচশত)টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হইল। উক্ত অর্থ জনসাধারন উন্নয়ন খাত হইতে ব্যয় নির্বাহ করা হউক।

প্রস্তাব নং-৪০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনকরণ :-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | জোয়ারসাহারা ডিওএইচএস এর ওয়েষ্টার্ণ রোড মেরামত ও কার্পেটিং সহ অন্যান্য লেনসমূহ পুনঃসলিংকরণ। = | ৮৪,১৭,২৭৯/- (চুরাশি লক্ষ সতের হাজার দুইশত উনআশি) টাকা। | রেজা কনষ্ট্রাকশন লিঃ | ২০·৭৭% (বিশ দশমিক সাতাত্তর) নিম্নে |
| (২) | জোয়ারসাহারা ডিওএইচএস এর উত্তর প্রান্তে ওয়েষ্টার্ণ রোড হইতে রেল লাইন বরাবর পুকুরের উত্তর পশ্চিম কর্ণার পর্যন্ত সীমানা দেওয়াল নির্মাণকরণ। = | ৯,৭৪,৪৩৯/- (নয় লক্ষ চুয়াত্তর হাজার চারশত উনচল্লিশ) টাকা | মেসার্স ইরা এন্টারপ্রাইজ | ২৭% (সাতাইশ) উর্দ্ধে |
| (৩) | জোয়ারসাহারা ডিওএইচএস এর উত্তর প্রান্তে ১২১ নং প্লট হইতে গার্মেন্ট ফ্যাক্টরী সম্মুখ দিয়া সীমানা দেওয়াল নির্মাণকরণ। = | ৩,০৫,৪৮৯/- (তিন লক্ষ পাঁচ হাজার চারশত উনানব্বই)টাকা | মেসার্স খান ট্রেডার্স | ২৮·২৫% (আটাইশ দশমিক পঁচিশ) উর্দ্ধে। |
| (৪) | সিগন্যাল গেইট হইতে বি এ এফ কুর্মিটোলা সাবগার্ড রুম পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। = | ১৪,৯৯,০০০/- (চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার)টাকা। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১৭·৫০% (সতের দশমিক পঞ্চাশ) উর্দ্ধে |
| (৫) | শহীদ সরণীর সেনাসদরের সম্মুখের আইল্যান্ডের পশ্চিম পার্শ্বের রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। = | ৭,৭৯,৩৩৫/- (সাত লক্ষ উনআশি হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ১০% (দশ) উর্দ্ধে |
| (৬) | রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্থানে 'স্বাধীনতা চত্বর' নির্মাণ ও চত্বরের পার্শ্ববর্তী স্থানসমূহের উন্নয়নমূলক কাজ। = | ৭৬,৭৮,৬৫৩/- (ছিয়াত্তর লক্ষ আটাত্তর হাজার ছয়শত তিপান্ন) টাকা | দি ইঞ্জিনিয়ার্স এন্ড কনষ্ট্রাকশন কোং | ৪·২৫% (চার দশমিক পঁচিশ) উর্দ্ধে |
| (৭) | হাজী মহসিন একসিং হইতে হেলিপোর্ট পর্যন্ত রিকশা পথে নিরাপত্তা বাতি স্থাপনকরণ। = | ৩৩,৯৬৬/-(তেত্রিশ হাজার নয়শত ছিয়াষট্টি) টাকা | মেসার্স হক এন্টারপ্রাইজ | ১৫% (পনর) উর্দ্ধে |
| (৮) | শহীদ সরণীর জলাবদ্ধতা দূরীকরণের জন্য শিখা অনির্বাণ, ঈদগাহ মাঠ, সেনাসদর, প্রশাসনিক শাখা, সুপ্রীম কমান্ড হেডকোয়ার্টারের সামনে জি আই পাইপ স্থাপন, ড্রেন নির্মাণ, ফুটপাথ সংস্কার ও মেরামতকরণ। = | ৫,৩৯,৩৪৮/- (পাঁচ লক্ষ উনচল্লিশ হাজার তিনশত আটচল্লিশ) টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ২৪·৫৫% (চব্বিশ দশমিক পঞ্চান্ন) উর্দ্ধে |
| (৯) | মহাখালী ডিওএইচএস এলাকার বন্যার পানি নিষ্কাশনের জন্য পাইপ এক্সসহ ক্যান্টনমেন্ট বাজার এলাকার পানির লাইন মেরামতকরণ। = | ৪১,১৩২/-(একচল্লিশ হাজার একশত বত্রিশ)টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ১৫% (পনর) উর্দ্ধে |

১২তম পৃষ্ঠায়

| একনিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১০) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও = এক্সিকিউটিভ অফিসারের বাংলোর নিরাপত্তা বাতি স্থাপনকরণ। | ৩৩,৭৭৮/-(তেত্রিশ হাজার সাতশত আটাত্তর)টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ১৫.২৫%(পনর দশমিক পঁচিশ) উর্ধ্বে |
| (১১) | জোয়ারসাহারা ডিওএইচএস এলাকার = ৮ নং লেনের প্লটের মধ্য হইতে গ্যাস লাইন উঠাইয়া পুনঃস্থাপনের মজুরী বাবদ ব্যয়। | ১৫,৬৬৬/-(পনর হাজার ছয়শত ছিষট্টি)টাকা | মেসার্স খান ট্রেডার্স | ১২%(বার) উর্ধ্বে |

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, উল্লেখিত একনিক নং-২,৩,৪,৫,৭, ৮,৯,১০,১১ উক্ত ৯(নয়)টি কাজের সর্বনিম্ন দর সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর আলোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের দরের সহিত সামঞ্জস্য রাখিয়া বর্ণিত ৯টি কাজের সর্বনিম্ন দর নির্ধারণ করা হইয়াছে। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে একনিক নং-৬ ব্যতীত বর্ণিত কাজসমূহের নিম্নোক্ত সর্বনিম্ন দর অনুমোদন করা হইল। ৯টি ভেটিংকৃত বোর্ড সভার অনুমোদিত সর্বনিম্ন দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করিতে সম্মত থাকিলে তাহাদের নিকট হইতে লিখিত সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হউক ঃ-

(১) ২০.৭৭% (বিশ দশমিক সাতাত্তর) নিম্নে (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) দর অনুমোদিত
(২) ২৪% (চব্বিশ) উর্ধ্ব দর অনুমোদিত
(৩) ২৪% (চব্বিশ) উর্ধ্ব দর অনুমোদিত
(৪) ১৫%(পনর) উর্ধ্ব দর অনুমোদিত
(৫) ১০% (দশ) উর্ধ্ব দর অনুমোদিত
(৭) ১৩% (তের) উর্ধ্ব দর অনুমোদিত
(৮) ১৬% (ষোল) উর্ধ্ব দর অনুমোদিত
(৯) ৫%(পাঁচ) উর্ধ্ব দর অনুমোদিত
(১০) ১২% (বার) উর্ধ্ব দর অনুমোদিত
(১১) ৭% (সাত) উর্ধ্ব দর অনুমোদিত।

৪০(৬)ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। এই প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯-১১-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩০-৮৯৩১ নং পত্রটি সভায় উপস্থাপন করা হইল। আলোচনান্তে উক্ত পত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রকল্পের জন্য প্রস্তুতকৃত নতুন নকশা, মূল্যানুমানের সহিত ইতিপূর্বে আহবানকৃত দরপত্রে বর্ণিত মূল্যানুমানের পার্থক্য পরিলক্ষিত হওয়াতে ২৫-১১-৯৮ইং তারিখে প্রাপ্ত সকল দরপত্র বাতিলের সিদ্ধান্ত গৃহীত হইল। সেই সংগে নতুন মূল্যানুমানের উপর দরপত্র আহবানসহ সর্বনিম্ন দরদাতার পে-অর্ডার ফেরত প্রদানের সিদ্ধান্তও গৃহীত হইল।

প্রস্তাব নং-৪১ঃ ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রণাধীন ডি ও এইচ এস এবং বর্ধিত এলাকার বাড়ী নির্মাণের জন্য দাখিলকৃত ২২(বাইশ) টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হইয়াছে। উক্ত নকশা পর্ষদ সভায় অবগতির জন্য উপস্থাপন করা হইল ঃ-

| একনিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ব্রিগেডিয়ার এম এম ইকরামুল হক এনডিসি, পিএসসি। | ৩১২ | জোয়ারসাহারা ডিওএইচএস | |
| (২) | কর্ণেল মোঃ জাহাঙ্গীর আলম(অবঃ) | ৩৪৮ | -ঐ- | |
| (৩) | ব্রিগেডিয়ার মুহাঃ আসাদুল ইসলাম | ১২২/১ | -ঐ- | ১৩তম প্রঃদ্রঃ |

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৪) | ব্রিগেডিয়ার কাজী আশফাক আহমেদ | ৩১১ | জোয়ারসাহারা ডিওএইচএস | |
| (৫) | ব্রিগেডিয়ার আ ন ম মুনীর উজ্জামান | ৪২৫ | -ঐ- | |
| (৬) | লেঃ কর্ণেল সৈয়দ সাইফুল আলম | ১৪৪ | -ঐ- | |
| (৭) | লেঃ কর্ণেল আজিজুল আশরাফ | ৩৬৬/২ | -ঐ- | |
| (৮) | লেঃ কর্ণেল মোঃ আবুল কাশেম(অবঃ) | ১৪০ | -ঐ- | |
| (৯) | লেঃ কর্ণেল এস এম মেসবাহ উদ্দিন আহম্মদ | ৩২১/৩ | -ঐ- | |
| (১০) | ব্রিগেডিয়ার মন্জুরুল আলম | ২০১ | -ঐ- | |
| (১১) | লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ) | ৩৪৯ | -ঐ- | |
| (১২) | লেঃ কর্ণেল মোঃ মাসুদুল হক খান | ৪৯১ | -ঐ- | |
| (১৩) | কর্ণেল মোঃ আবদুল মতিন, পিএসসি | ২৭৬ | -ঐ- | সংশোধিত |
| (১৪) | লেঃ কর্ণেল মোঃ ওয়াজিউল্লাল চৌধুরী | ৩৬৭ | মহাখালী ডিওএইচএস | -ঐ- |
| (১৫) | মিসেস হাছিনা ইসলাম | ১৯৪ | -ঐ- | -ঐ- |
| (১৬) | মিসেস মেহেরুন্ন নেছা | ৪৩৮ | -ঐ- | -ঐ- |
| (১৭) | লেঃ কর্ণেল নাসির উদ্দিন আহমদ | বি/১৫২ | -ঐ- | -ঐ- |
| (১৮) | মিসেস ওয়াহিদা ইসলাম | বি/১৩২ | -ঐ- | -ঐ- |
| (১৯) | মিসেস আমিনা বেগম | ৪৩ | বনানী ডিওএইচএস | -ঐ- |
| (২০) | মিসেস কানি রহমান | ২৯ | -ঐ- | -ঐ- |
| (২১) | জনাব হাসান সাঈদ | ২৮/এ | -ঐ- | -ঐ- |
| (২২) | হাজী মোঃ মজিবুল হক | ১৫০(আংশিক) | লালাসরাই | |

গৃহীত সিদ্ধান্তঃ অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-

ক। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮ নং প্লটের ৩র্থ তলায় বর্তমানে ২টি বাসস্থান নির্মাণের কাজ চলিতেছে। বোর্ডের কর্মকর্তাদের আবাসিক সমস্যা সমাধানকল্পে উহার ৫ম তলায় আরও ২টি বাসস্থান নির্মাণ করা আবশ্যক বিধায় এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯০ইং অনুযায়ী চতুর্থ তলা নির্মাণের ১০,৭৬,৩২২/-(দশ লক্ষ ছিয়াত্তর হাজার তিনশত বাইশ) টাকার মূল্যানুমানের সহিত ৫ম তলায় ২টি বাসস্থান নির্মাণকল্পে ১৩,০৮,৯১৫/-(তের লক্ষ আট হাজার নয়শত পনর)টাকা অর্থাৎ সর্বমোট ২৩,৮৫,২৩৭(তেইশ লক্ষ পচাশি হাজার দুইশত সাইত্রিশ)টাকার সংশোধিত মূল্যানুমানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

খ। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অধীনস্থ কচুক্ষেত পুরান বাজার এলাকার বাড়ী নং-সিবি-৪৬ সীমানা লংঘন করিয়া অবৈধভাবে বাড়ী নির্মাণের অভিযোগের প্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৭-১২-৯৮ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪০৯/শা-৩/৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গ। জোয়ারসাহারা ডি ও এইচ এস এলাকার উন্নয়ন কাজের ব্যাপারে ডিওএইচএস এসোসিয়েশনের সদস্য-সচিবের ১৮-১২-৯৮ইং তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

ঘ। জোয়ারসাহারা ডিওএইচএস এর ২য় ধাপে বরাদ্দকৃত প্লটের ভূমি উন্নয়ন জটিলতা প্রসংগে ব্রিগেডিয়ার এ কে এম রফিকুল ইসলাম, পিএসসি, প্রধানমন্ত্রীর কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাসের ৭-১২-৯৮ইং তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

ঙ। স্বাধীনতা স্মরণী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট হস্তান্তরের ব্যাপারে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৭-১২-৯৮ইং তারিখের ৭০১/৬/কিউ-৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

চ। রজনীগন্ধা সুপার মার্কেটে অস্থায়ী ভিত্তিতে দোকান বরাদ্দের জন্য বাজারের ব্যবসায়ী জনাব মোঃ তাজুল ইসলাম এর ১৫-১২-৯৮ইং তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

ছ। মহাখালী ডিওএইচএস এলাকার প্লট নং-বি/১৮৫ এর পশ্চিম পার্শ্বে রোড নং-২১ হইতে ২০ এর উত্তর পার্শ্বের ড্রেন, পাইপ ড্রেন স্থাপনের জন্য ৩৭,১০০/-(সাইত্রিশ হাজার একশত)টাকার মূল্যানুমান অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

জ। ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত পেট্রোল পাম্প পুনঃইজারা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ ক। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। বোর্ডের কর্মকর্তাদের বাসস্থান সমস্যা সমাধানকল্পে ৪র্থ তলা নির্মীয়মান দুইটি বাসস্থানের সহিত একই ভবনের ৫ম তলায় আরও দুইটি বাসস্থান জরুরী ভিত্তিতে নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। এই ব্যাপারে চতুর্থ তলার নির্মাণাধীন এম ই এস সিডিউল অব রেইটস ১৯১৫ইং অনুযায়ী ১০,৭৬,৩২২/-(দশ লক্ষ ছিয়াত্তর হাজার তিনশত বাইশ)টাকার সহিত ৫ম তলার ২টি বাসস্থান নির্মাণের জন্য ১৩,০৮,৯১৫/-(তের লক্ষ আট হাজার নয়শত পনর)টাকা সংযুক্ত করিয়া সর্বমোট =২৩,৮৫,২৩৭/-(তেইশ লক্ষ পঁচাশি হাজার দুইশত সাইত্রিশ) টাকার সংশোধিত মূল্যানুমান সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

খ। সংশ্লিষ্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। কচুক্ষেত পুরান বাজার এলাকার বাড়ী নং সিবি-৪৬ এর সীমানা লংঘন করার ব্যাপারে সিবি-৪৭ নং বাড়ীর মালিক বেগম হামিদা খাতুনকে বোর্ড কর্তৃক প্রদত্ত নোটিশের প্রেক্ষিতে উক্ত বাড়ীর মালিক কর্তৃক বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে ঢাকার ৩য় সাবজজ আদালতে ২৩১/৯৮ নং দেওয়ানী মোকদ্দমা দায়ের করা হইয়াছে বলিয়া বেগম হামিদা খাতুন ক্যান্টনমেন্ট বোর্ডকে ২০-১২-৯৮ইং তারিখে অবহিত করিয়াছে। সিবি-৪৬ নং বাড়ীর মালিক জনাব মোঃ রকিব উদ্দিন সিবি-৪৭ নং বাড়ীর মালিকের বিরুদ্ধে সীমানা লংঘনের ব্যাপারে ইতিপূর্বে আদালতে একটি মামলা দায়ের করেন বলিয়া জানা যায়। উভয় পক্ষ কর্তৃক আদালতে দায়েরকৃত মোকদ্দমাসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট পক্ষদের স্থিতাবস্থা বজায় রাখার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পত্র দেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

গ। (১) জোয়ারসাহারা ডিওএইচএস এর সদস্য- সচিবের ১৮-১২-৯৮ইং তারিখের ১ নং অনুচ্ছেদের বিষয়টি বিশদভাবে আলোচনা হয়। আলোচনান্তে ডিওএইচএস মসজিদে যাতায়াত তথা রমজান মাসে মসজিদে তারাবীহ নামাজ আদায়ের লক্ষে মুসুল্লীদের যাতায়াতের জন্য জরুরী ভিত্তিতে ডিওএইচএস এর ৫ নং লেনটি বর্ধিত করিয়া ইটের সোলিং করার নিমিত্তে ২,০৩,৫১৩/-(দুই লক্ষ তিন হাজার পাঁচশত তের)টাকার মূল্যানুমানটি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

১৫তম পৃঃ দ্রঃ

গ। (২) জোয়ারসাহারা ডিওএইচএস এর সদস্য-সচিবের ১৮-১২-৯৮ইং তারিখের পত্রটির ২ নং
অনুচ্ছেদের বিষয়টি বোর্ড সভায় বিষদভাবে আলোচনা হয়। আলোচনান্তে জোয়ারসাহারা
ডিওএইচএস এর ১১ নং লেন ও ১২ নং লেনের মধ্যবর্তী স্থানের প্রাক্তন সংস্থাপন
সচিব জনাব মোঃ হাবিবুর রহমান কর্তৃক নির্মিত নিজস্ব সীমানা দেওয়ালের নীচের ফাঁকা
অংশটি ডিওএইচএস এর নিরাপত্তার স্বার্থে মাটি ভরাট করার নিমিত্তে ১৫,৭৮১.৮৩(
পনর হাজার সাতশত একাশি টাকা তিরাশি পয়সা)টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত
সিদ্ধান্ত গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস
অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

গ। (৩) জোয়ারসাহারা ডিওএইচএস এর সদস্য-সচিবের ১৮-১২-৯৮ইং তারিখের পত্রের ৩ নং
অনুচ্ছেদের বিষয়টি বিষদভাবে আলোচনা হয়। আলোচনান্তে জোয়ারসাহারা ডিওএইচএস এর
নিরাপত্তার জন্য গার্ডরুমের প্রয়োজনীয়তায় ওয়েস্টার্ণ রোডের উত্তর প্রান্তে রেল লাইনের নিকট
একটি গার্ডরুম ও দক্ষিণ প্রান্তে বারিধারা সংযোগ সড়কের নিকট একটি গার্ডরুম নির্মাণের
নিমিত্তে ১,৫২,৫৯৭.৯৫(এক লক্ষ বায়ান্ন হাজার পাঁচশত সাতানব্বই টাকা পঁচানব্বই পয়সা)
টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক
ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

ঘ। জোয়ারসাহারা ডিওএইচএস এর ১৮৮ নং প্লটের বরাদ্দপ্রাপ্তকারী ব্রিগেডিয়ার এ কে এম রফিকুল
ইসলাম, পিএসসি এর ০৭-১২-৯৮ইং তারিখের পত্রের বিষয়ে বোর্ড সভায় বিস্তারিত আলোচনা
হয়। আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত এলাকায় মাটি ভরাটের পূর্বেই সংশ্লিষ্ট কর্মকর্তা
বাড়ী নির্মাণ কাজ শুরু করিয়াছেন বিধায় কাজের পরিমাণ নির্ধারণ করা সম্ভব ছিল না। তাই
নুতনভাবে মাটি ভরাট করা সম্ভব হইবে না। তবে সংশ্লিষ্ট কর্মকর্তাকে উক্ত প্রকল্প এলাকায়
মাটি ভরাট কাজে বর্তমানে জড়িত কর্তৃপক্ষের সহিত যোগাযোগপূর্বক তাঁহার সমস্যাসমাধানের
পরামর্শ দেওয়া হউক ।

ঙ। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে নব-নির্মিত স্বাধীনতা স্মরণী,
রেডওয়ে বিল্ডিং হইতে রজনীগন্ধা সুপার মার্কেট পর্যন্ত রিকসাওয়ে এবং রজনীগন্ধা এম পি
চেকপোস্ট হইতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত রিকসাওয়ে এই তিনটি রাস্তা জনসাধারনের
চলাচলে ব্যবহৃত ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক এম ই এস এর নিকট হইতে গ্রহণ করার সর্বসম্মত
সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত সড়ক তিনটির নিরাপত্তা বাতিসহ রক্ষণাবেক্ষনের স্বাভাবিক ব্যয়
নির্বাহার্থে প্রয়োজনীয় অনুদান বরাদ্দের অনুরোধসহ রাস্তা তিনটি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক
গ্রহণের বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা
হউক ।

চ। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনাকালে দেখা যায় যে, বনানী
হইতে রজনীগন্ধা সুপার মার্কেট সংযোগকারী স্বাধীনতা স্মরণী নির্মাণকল্পে রজনীগন্ধা সুপার
মার্কেটের কিছু দোকান ভাঙ্গা পড়াতে সংশ্লিষ্ট মার্কেটে অস্থায়ীভাবে টিনসেডে নির্মিত দোকানের
মধ্যে মসজিদের পূর্ব পার্শ্বের ব্লকে একটি অতিরিক্ত দোকান অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে।
সংশ্লিষ্ট মার্কেটের ব্যবসায়ী জনাব মোঃ তাজুল ইসলামের ১৭-১২-৯৮ইং তারিখের আবেদনের
প্রেক্ষিতে ৯'X১২' পরিমাপের উক্ত দোকানটি সম্পূর্ণ অস্থায়ীভাবে এক বৎসরের জন্য তাহার
নামে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

ছ। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ৩৭,১০০/-(সাইত্রিশ হাজার একশত)
টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি
সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

১৬তম পৃঃদ্রঃ

জ। সংশ্লিষ্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। এই প্রসংগে সেনাসদর, কিউ এম জি'শাখা এম এন্ড কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২০-১২-৯৮ইং তারিখের ৩৯০১/৪/ইউ/এমকিউ-২ নং পত্রসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে প্রেরিত ক্যাণ্টনমেণ্ট বোর্ডের পত্র নং-ঢাক্যাবো/ক্যাঃআঃএঃ/৮৫/৬২, তারিখ ১১-৬-৯৮ইং এবং পত্র নং-ঢাক্যাবো/ক্যাঃআঃএঃ/৮৫/৭৩, তারিখ ০৮-১২-৯৮ইং সভায় উপস্থাপন করা হইল। সেনাসদরের সংশ্লিষ্ট পত্রের অনুচ্ছেদ নং-'৯' এর আলোকে পেট্রোল পাম্প সম্পর্কে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত পেট্রোল পাম্পের ইজারার মেয়াদ আর বৃদ্ধি করা হইবে না। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, ক্যাণ্টনমেণ্ট জেনারেল হাসপাতাল সম্প্রসারণকল্পে বর্তমান পেট্রোল পাম্পটি স্থানান্তরের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সময়কালের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে উক্ত পাম্পটি বর্তমান ইজারাদারের তত্ত্বাবধানে রাখিয়া চলমান ইজারা শর্তের আনুপাতিক হারে প্রিমিয়াম ও ভাড়া আদায় করা হোক। কর্তৃপক্ষের প্রয়োজনে যে কোন সময় ১৫(পনর) দিনের নোটিশে ইজারাদারকে উক্ত পাম্প অপসারণপূর্বক পাম্পের স্থান খালি করিয়া দিতে হইবে।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষিত হইল।

(স্বাক্ষর) 27/12/98
(শফিক আলম মেহেদী)
ক্যাণ্টনমেণ্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যাণ্টনমেণ্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেণ্ট।

(স্বাক্ষর) 27/12/98
(কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যাণ্টনমেণ্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

(স্বাক্ষর) 27/12/98